

ءَابَاءِ - وَأُمَّهَاتُ

وَالِدٌ - وَالِدَةٌ

أُمَّهَاتُ হচ্ছে **أُمُّ** [মা] শব্দের বহুবচন। এটা কোরআনে মোট ১১ বার এসেছে। কোনবারই **هَاء** এর পর আলিফ লেখা হয়নি যদিও এটা উচ্চারণ হয়।

وَالِدَةٌ [মা] কোরআনে ৩ বার এসেছে **وَاو** এর পর আলিফ না লিখেই কিন্তু এটাও উচ্চারণ হবে। তিন বারের মাঝে দুই বার এই শব্দটা সর্বনামযুক্ত হয়ে এসেছে কিন্তু তবুও **وَاو** এর পর আলিফ লেখা হয়নি।

এই দুইটা শব্দে আলিফের অনুপস্থিতি ও বর্জন বাবার চেয়ে মায়ের সাথে সন্তানের সম্পর্কের নৈকট্য ও অনুরাগকে প্রকাশ করছে।

আসুন দেখি কোরআনে বাবা শব্দটা কিভাবে লেখা হয়েছে।

ءَابَاءِ [বাবা শব্দের বহুবচন] কোরআনে ৬৪ বার এসেছে

وَالِدٌ [বাবা] কোরআনে ৩ বার এসেছে

দুইটা শব্দেই আলিফকে যথাস্থানে রাখা হয়েছে যদিও 'মা' শব্দে লেখার সময় একে বাদ দেয়া হয়েছে।

লেখার সময় এই পার্থক্য প্রকাশ করছে কে প্রকৃতিগতভাবেই সন্তানদের সাথে বেশি ঘনিষ্ঠ ও তাদের প্রতি বেশি অনুরক্ত। এটা এই বিষয়টাকে জোরদার করছে যে কোরআনে কোন শব্দ লেখার ধরণের কারণে সেই শব্দের অর্থে সংযোজন ঘটতে পারে এবং এক নতুন আঙ্গিক ফুটে উঠতে পারে যা সেই শব্দের আরও গভীর মানে ও উপলব্ধির প্রকাশ ঘটায়।

আবু এযরা

أَبُو عَزَيْرٍ